

খেলিছ এ বিশ্ব লয়ে বিরাট শিশু আনমনে।
প্রলয়-সৃষ্টি তব পুতুল খেলা নিরজনে,
প্রভু নিরজনে ॥
শূন্য মহা আকাশে
(তুমি) মগ্ন লীলা-বিলাসে,
ভাঙিছ গড়িছ নিতি ক্ষণে ক্ষণে ॥
তারকা-রবি-শশী খেলনা তব,
হে উদাসী-
পড়িয়া আছে রাঙা পায়ের কাছে
রাশি রাশি।
নিত্য তুমি, হে উদার,
সুখে দুখে অবিকার,
হাসিছ খেলিছ তুমি আপনমনে ॥